

জাত পরিচিতি

বিআর১ বোরো ও আউশ মৌসুমের একটি জাত। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ১৯৭০ সালে এ জাতটি উদ্ভাবন করেছে। বিআর১ এর জনপ্রিয় নাম চান্দিনা।

জাতের বৈশিষ্ট্য

- ▶ পূর্ণ বয়স্ক গাছের গড় উচ্চতা ৮৮ সেমি।
- ▶ চাল খাটো ও মোটা।

জীবনকাল

এ জাতের জীবনকাল বোরো মৌসুমে ১৪৫-১৫০ দিন এবং আউশ মৌসুমে ১২০ দিন।

ফলন

বোরো মৌসুমে ফলন হেক্টর প্রতি প্রায় ৫.৫ টন এবং আউশ মৌসুমে হেক্টর প্রতি প্রায় ৪.০ টন।

চাষাবাদ পদ্ধতি

১. বীজ তলায় বীজ বপন : বোরো মৌসুমে ১-১৫ অগ্রাহায়ণ (১৫-২৯ নভেম্বর) এবং আউশ মৌসুমে ১৫ চৈত্র-৫ বৈশাখ (২৯ মার্চ-১৮ এপ্রিল)।
২. চারার বয়স : বোরো মৌসুমে ৩৫-৪০ দিন এবং আউশ মৌসুমে ২০-২৫ দিন
৩. রোপনের সময় : বোরো মৌসুমে ৫-২৫ পৌষ (১৯ ডিসেম্বর-৮ জানুয়ারি) এবং আউশ মৌসুমে ৫ বৈশাখ-২৫ বৈশাখ (১৮ এপ্রিল-১৮ মে)।
৪. রোপন দূরত্ব : বোরো মৌসুমে ২৫×১৫ সেমি এবং আউশ মৌসুমে ২০×১৫ সেমি

৫. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা):

৫.১	ইউরিয়া	টিএসপি	এমপি	জিপসাম	দস্তা	(বোরো মৌসুমে)
	৩৩	১২	১৭	৮	১.০	
৫.২	ইউরিয়া	টিএসপি	এমপি	জিপসাম	দস্তা	(আউশ মৌসুমে)
	১৮	৭	১১	০	০	

৫.৩ ইউরিয়া সার সমান ৩ কিস্তিতে রোপনের ১৫-২০ দিন পর ১ম কিস্তি, ৩০-৩৫ দিন পর ২য় কিস্তি এবং ৪৫-৫০ দিন পর ৩য় কিস্তি প্রয়োগ করতে হবে। ইউরিয়া সার প্রয়োগের পর মাটির সাথে মিশিয়ে দিতে হবে। টিএসপি, এমওপি সারের পুরোটাই জমি শেষ চাষের সময় মাটিতে প্রয়োগ করা উত্তম।

৫. আগাছা দমন : রোপনের ৩০-৪০ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।

৬. সেচ ব্যবস্থাপনা : সেচের পানি ঘাটতি এলাকার জন্য আগাম জাত হিসেবে জাতটি নির্বাচন করা যেতে পারে।

৭. রোগ বলাই ও পোকামাকড় দমন : রোগবলাই দেখা দিলে অনুমোদিত বলাই দমন ব্যবস্থাপনা অনুসরণ করতে হবে।

৮. ফসল কাটা : ধান কাটার উপযুক্ত সময় হলো বোরো মৌসুমে ১-১৫ বৈশাখ (১৪-২৮ এপ্রিল) এবং আউশ মৌসুমে ১৫ শ্রাবণ-৫ ভাদ্র (৩০ জুলাই-২০ আগস্ট)।



বিআর১

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brrri.gov.bd

অধিবেশন ২ : মডিউল ২

ফ্যান্ট শীট